# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 26-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

১। চরাইদেও মৈদামের ইউনেস্ক’র বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের তালিকায় স্থানলাভ /প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্বশর্মা সহ বহু বিশিষ্ট ব্যক্তির সন্তোষ প্রকাশ ।

২। রাজ্য সরকারের এক লক্ষ নিযুক্তির লক্ষ্য প্রাপ্তির অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডঃহিমন্ত বিশ্বশর্মার ৪৬৫ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ ।

৩। সমগ্র দেশে ২৫ তম কার্গিল বিজয় দিবস পালন ।

এবং

৪। ভারতীয় সময় অনুযায়ী আজ রাত ১১ টায় পেরিস অলিম্পিক ক্রীড়া সমারোহের আনুষ্ঠানিক উদ্বোধন /বেডমিন্টন তারকা পি ভি সিন্ধু ও টেবল টেনিস খেলোয়াড় শরৎ কমলের ভারতীয় দলের পতাকা বহন ।

-----------------------------------------------------------------------

রাষ্ট্রসংঘের শিক্ষা ,বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কো আজ চরাইদেউ মৈদামকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে ঘোষনা করে । এই ঘোষনার সংগে সংগে সাংস্কৃতিক শ্রেণীতে মৈদাম ক্ষেত্রটি উত্তরপূর্বাঞ্চলের প্রথম বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র ও দেশের ৪৩ তম বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে চিহ্নিত হয়েছে । চরাইদেউ জেলায় অবস্থিত চরাইদেউ মৈদামকে আসামের পিরামিড বলেও অভিহিত করা হয় । ১৩ শ শতাব্দী থেকে ১৮ শ শতাব্দী পর্যন্ত আহোম রাজত্বকালের সময়কালে এই ক্ষেত্রটিকে রাজ পরিবারের লোকেদের সমাধি দেওয়ার জন্য ব্যবহার করা হয়েছিল ।এই ক্ষেত্রটি আহোম রাজত্বের পৃথক পরিচয় বহন করে আসছে ।এই ক্ষেত্রকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের মর্যাদা প্রদান করার সংগে সংগে ভারতবাসী উৎফুল্লিত হয়ে পড়েছে ।চরাইদেউ মৈদাম বিশ্ব ঐতিহ্য

ক্ষেত্রের তালিকায় অর্ন্তভুক্ত হোয়াতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আনন্দ ও গৌরব প্রকাশ করেছেন ।তিনি বলেন যে চরাইদেউ মৈদাম পূর্বপুরুষের প্রতি প্রদান করা শ্রদ্ধা তর্পনে গৌরবময় আহোম সংস্কৃতি প্রদর্শন করে আসছে ।বিশ্ব ঐতিহ্যের তালিকায় স্থান লাভের পর মহান আহোম শাসন ও সংস্কৃতির বিষয়ে অধিক লোক জানতে পারবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা চরাইদেউ মৈদাম বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের তালিকায় স্থান লাভ করা আসামের জন্য গৌরবময় ও স্মরণীয় দিন হিসেবে চিহ্নিত হয়ে থাকবে ।

এদিকে চরাইদেউ মৈদামকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে স্বীকৃতি প্রদান করার পর চরাইদেউবাসী উৎফুল্লিত হয়ে পড়ে । জেলাবাসী আনন্দ উল্লাসের মধ্যে দিনটি উদযাপন করে । এসম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করে মন্ত্রী যোগেন মোহন বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার অশেষ প্রচেষ্টায় চরাইদেউ মৈদাম এই সম্মান লাভ করেছে ।এর মাধ্যমে চরাইদেউ মৈদাম বিশ্ব পর্যটন মানচিত্রে স্থান লাভ করবে বলে আশা প্রকাশ করেন ।সাংস্কৃতিক মন্ত্রী বিমল বরা চরাইদেউ মৈদামকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে ঘোষনা করার শুভক্ষনে চরাইদেউ মৈদামে উপস্থিত হয়ে ঐতিহ্যমন্ডিত আহোম শাসনের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

--------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ রাজ্য সরকারের অব্যাহত রাখা এক লক্ষ নিযুক্তির লক্ষ্য প্রাপ্তির যাত্রাকে এগিয়ে নিয়ে যাওয়ার অংশ হিসেবে ৪৬৫ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করেন ।মুখ্যমন্ত্রী গৌহাটীর শ্রী মন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে এই প্রার্থীদের শিক্ষা , শক্তি , তথ্য ও জনসংযোগ , মুদ্রণ ও লেখার সামগ্রী বিভাগের অধীনে নিযুক্তি পত্র প্রদান করেন ।নিযুক্তিপ্রাপ্তদের মধ্যে ৩০৬ জন শক্তি বিভাগের অধীনে আসাম শক্তি বিতরণ কোম্পানী লিমিটেড ও আসাম বিদ্যুৎ সংবহন নিগম লিমিটেডের অধীনে জুনিওর রেজিষ্টার পদে নিযুক্তি লাভ করেছে । এক ইভাবে ৫৯ জন কারিগরি শিক্ষা সঞ্চলকালয়ের অধীনে সহকারী অধ্যাপক , ৫৮ জন উচ্চ শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে সহকারী অধ্যাপক , প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে ৯ জন শিক্ষক , তিনজন জুনিয়র এসিসটেন্ট , ১১ জন চতুর্থ শ্রেনীর কর্মচারী , বিদ্যালয় শিক্ষা বিভাগের অধীনে ৯ জন আসাম শিক্ষা সেবা আধিকারিক হিসেবে নিযুক্তি লাভ করেছে ।এছাড়া তথ্য ও জনসংযোগ , মূদ্রণ ও লেখার সামগ্রী বিভাগের অধীনে ৪ জন প্রবীন তথ্য ও জনসংযোগ আধিকারিক ও ৬ জন জুনিয়র তথ্য ও জনসংযোগ আধিকারিক হিসেবে নিযুক্তি লাভ করেছে । নিযুক্তি পত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নব নিযুক্তদের উদ্দেশ্যে বক্তব্য রাখা সহ সকলকে অভিনন্দন জ্ঞাপন করেছেন । এদিকে মুখ্যমন্ত্রী সমগ্র শিক্ষা আসামের অধীনে মৃত কর্মচারি ও টেট উত্তীর্ন ঠিকাভিত্তিক শিক্ষক শিক্ষয়িত্রীর পরিবারকে ৫ লক্ষ টাকা করে এককালীন সাহায্য প্রদান করেন ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ২৮৪ কোটি টাকারও বেশী মূল্যের বেসরকারী তথা গণ অংশিদারীত্ব পদ্ধতিতে আমদানী রপ্তানি সহ ঘরুয়া করষি সামগ্রী ভিত্তিক প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ সুবিধার উন্নয়ন প্রকল্পে অনুমোদন জানিয়েছেন ।শ্রী সনোয়াল বলেন যে এই সংহত কৃষি সুবিধার উন্নয়নে কৃষি সামগ্রীর অপচয় হ্রাস করবে এবং কৃষিজাত সামগ্রীর সঠিক মূল্য প্রদান করার ক্ষেত্রে সহায়তা করবে ।তিনি বলেন যে দেশের কৃষক তথা কৃষিক্ষেত্র সবলিকরণ

তথা উন্নীত করার ক্ষেত্রে এ এক উল্লেখযোগ্য পদক্ষেপ ।এই সুবিধার মাধ্যমে মশলা , পেঁয়াজ , গম ইত্যাদি সামগ্রী রপ্তানি করা যাবে ।

---------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের সংযুক্ত প্রতিযোগিতামূলক মূল পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে । ২৩৫ টি পদের জন্য মোট ২ হাজার ৮২১ জন প্রার্থী মূল পরীক্ষায় অবতীর্ণ হয়েছে ।উল্লেখ্য প্রারম্ভিক পরীক্ষার ফলাফল প্রকাশের পর ২ হাজার ৮৯৮ জন প্রার্থী মূল পরীক্ষার যগ্যোতা অর্জন করেছিলেন তবে এর মধ্যে ২ হাজার ৮২১ জন মূল পরীক্ষার জন্য আবেদন জানায় ।এই ২৩৫ টি পদের মধ্যে আসাম পুলিশ সেবার ৩৫ টি , আসাম অসামরিক সেবার ৪৫ টি , আসাম অর্থ বিভাগের ১৩ টি পদ রয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদের শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ ২৫ তম কার্গিল বিজয় দিবস পালন করা হয়েছে ।

এ উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু সশস্ত্র বাহিনীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা সহ শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি শ্রী মতী মূর্মু ভারতীয় সশস্ত্র বাহিনীর অসাধারণ শৌর্যকে স্বীকার করেন । ১৯৯৯ সালে কার্গিলের শিখরে ভারত মাতাকে রক্ষা করার স্বার্থে সবোচ্চ ত্যাগ করা বীর জোয়ানদের প্রতি তিনি সম্মান জানান ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কার্গিল বিজয় দিবস উপলক্ষে কার্গিল যুদ্ধ স্মারক পরিদর্শন করেন ।শ্রী মোদী দেশের জন্য ত্যাগ করা শহীদ জোয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে আজকের দিনটি প্রতিজন ভারতীয়র জন্য অতি গুরুত্বপূর্ন । তিনি এই দিনটিকে দেশ রক্ষকদের শ্রদ্ধাঞ্জলী জানানোর দিন বলে অবিহিত করেন ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং কার্গিল বিজয় দিবস উপলক্ষে শহীদ জোয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কার্গিল বিজয় দিবসে সেনাবাহিনীর বীর জোয়ানদের বীরত্বকে স্মরণ করেন ।শ্রী শাহ বীর জোয়ানদের সাহসকে প্রণাম জানিয়ে বলেন যে কৃতজ্ঞ রাষ্ট্র তাদের ত্যাগ কখোনো ভুলবে না ।

দেশের অন্যান্য প্রান্তের সংগে আসামে ও কার্গিল বিজয় দিবস পালন করা হয় । এ উপলক্ষে গোলাঘাটে বীরচক্র কেপ্টেইন জিন্টু গগৈর সমাধিক্ষেত্রে বিশেষ কার্যসূচী গ্রহণ করা হয় । এই কার্যসূচীতে খুমটাইর বিধায়ক মৃনাল শইকিয়া সহ জিন্টু গগৈর পরিবার ও অঞ্চলবাসী অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ কারগিল বিজয় দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে শহরের শহীদ স্মারক স্থলে শ্রদ্ধা জানানো হয়েছে । সহকারী আয়ুক্ত পূজা দাওলাগপু জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পন করেছেন । এতে জেলা সৈনিক কল্যান বোঁডের পক্ষে রতীশ চন্দ্র পাল , অবসরপ্রাপ্ত সৈনিক কল্যান সংগঠনের কর্মকর্তা শ্যামসুল হক বড়ভুইয়া সহ ৪০জন প্রাক্তন সৈনিক শহীদ স্মারক স্থলে শ্রদ্ধা জানান ।

--------------------------------------------------------------------------------

বিশ্বের বৃহৎ ক্রীড়া সমারোহ পেরিস অলিম্পিক ২০২৪ আজ ভারতীয় সময় রাত ১১ টায় আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে ।এবছর প্রথমবারের মতো খোলা আকাশের নীচে অলিম্পিক ক্রীড়া সমারোহের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।সমারোহে অংশ্রহণকারী দেশ সমুহের প্রায় ১০ হাজার ৫০০ জন খেলোয়াড়কে ১০০ টি নৌকয় করে পেরিসের দর্শনীয় স্থান সমুহের পাশে নিয়ে যাওয়া হবে এবং দেশ সমুহের কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে ।এর পর অলিম্পিক শিখা প্রজ্জ্বলন করার মাধ্যমে অলিম্পিক ক্রীড়া সমুহের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে । বেডমিন্টন তারকা পি ভি সিন্ধু ও টেবল টেনিস খেলোয়াড় শরৎ কমল ভারতীয় দলের পতাকা বহন করবেন ।এবারের অলিম্পিক সমারোহে ভারত বিভিন্ন ক্রিড়াক্ষেত্রে ১১৭ জন খেলোয়াড়ের দল প্রেরণ করেছে ।এবার ভারতীয় দলের চিফ দি মিশন হিসেবে তারকা শ্যুটার গগন নারং কে দায়িত্ব অর্পণ করা হয়েছে ।এছাড়া ৩০ সদস্যের এথলেটিক দলের নেতৃত্বে থাকবেন জেভলিন তারকা নীরজ চোপ্রা ।

--------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে হাইলাকান্দি জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েতেও জাতীয় নাগরিক পঞ্জীতে নাম থাকা ব্যাক্তিদের বায়োমেট্রিক করে আধার কার্ড প্রস্তুতিকরনের কাজ শুরু হয়েছে । জাতীয় নাগরিক পঞ্জীর সময় সৃষ্টি হওয়া এই সমস্যা সমাধ্যনের জন্য আসাম সরকার ইতিমধ্যে এক নতুন প্রক্রিয়া শুরু করেছে । উল্লেখ্য রাজ্যের প্রায় ৯ লক্ষ ব্যাক্তির আধার কার্ডের বায়োমেট্রিক বন্ধ থাকার ফলে বিভিন্ন সমস্যা দেখা দিয়েছিল ।

--------------------------------------------------------------------------------

হৈড়ম্ব বর্মন ডিমাসা কাছাড়ী অব আসামের পক্ষ থেকে এক প্রতিনিধি দল গতকাল শিলচর আর্বত ভবনে রাজ্যের সমতল জনজাতীয় উন্নয়ন বিভাগের মন্ত্রী ডক্টর রনোজ পেগুর সঙ্গে সাক্ষাৎ করে তিন দফা দাবীর সর্মথনে একটি স্মারক পত্র প্রদান করে । স্মারক পত্রে বেটী বাচাঁও -বেটী পড়াও প্রকল্পের অধীনে জয়পুর রাজাবাজার রামচন্দ্র বর্মন পাবলিক হায়ার সেকেন্ডারী স্কুল ও পয়লাপুল নেহেরু কলেজের নিকটবর্তি স্থানে বর্মন ডিমাসা কাছাড়ি সম্প্রদায় সহ অন্যান্য সম্প্রদায়ের দুস্থ ছাত্রীদের জন্য  ছাত্রী নিবাস নির্মান করা , বর্মন-ডিমাসা -কাছাড়ী ডেভোলাপমেন্ট কাউন্সিলের সভাপতির শাখা কার্য্যলয় শিলচর বা পয়লাপুলে স্থাপন করা এবং বানীরাম বর্মন মধ্য ইংরাজী বিদ্যালয়ের নাম পরিবর্তন না করার অনুরোধ জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলার জমি মালিকদের বকেয়া ও চলতি বছরের জমির খাজনা জমা দিতে আবেদন জানানো হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলার চারটি রাজস্ব চক্রের তহশিল শাখায় খাজনা জমা করার বিশেষ ব্যবস্থা করা হয়েছে । উল্লেখ্য জেলার হাইলাকান্দি সদর রাজস্ব চক্র , আলগাপুর রাজস্ব চক্র , লালা রাজস্ব চক্র এবং কাটলিছড়া রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে খাজনা জমা করা যাবে ।

--------------------------------------------------------------------------------